



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.nctb.gov.bd



স্মারক নং : এনসিটিবি/প্রাশিট/এসআরএম/২০১৯/ ২২৫২

তারিখ: ২২ জৈষ্ঠ ১৪৩২ বঙাদ
২৬ মে, ২০২৫ খ্রি.

বিষয়: 'সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা ২০২৫' এনসিটিবি -এর ওয়েবসাইটে আগলোড করা প্রসংক্ষে

সূত্র: জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড -এর ২১/০৫/২০২৫ তারিখের ৩৯৪তম সাধারণ বোর্ড সভার ০৪ নং সিদ্ধান্ত

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড -এর প্রাথমিক শিক্ষাক্রম উইং কর্তৃক 'সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা ২০২৫' প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত নীতিমালাটি গত ২১/০৫/২০২৫ তারিখের ৩৯৪তম সাধারণ বোর্ড সভার ০৪ নং সিদ্ধান্ত অনুমোদিত হয়েছে (কপি সংযুক্ত)।

২। অনুমোদিত 'সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা ২০২৫' এনসিটিবি -এর ওয়েবসাইটে আগলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা প্রয়োজনীয় করা হলো।

26/05/2025

(প্রফেসর মো: সাহতাব উদ্দিন)

সচিব, এনসিটিবি

ফোন: ২২৩৩-৮৫৬৪৪৮

সহকারী মেইন্টেনেনেন্স ইঞ্জিনিয়ার
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
ঢাকা

স্মারক নং : এনসিটিবি/প্রাশিট/এসআরএম/২০১৯/ ২২৫২

তারিখ: ২২ জৈষ্ঠ ১৪৩২ বঙাদ
২৬ মে, ২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

- সদস্য (পাঠ্যপুস্তক/অর্থ/শিক্ষাক্রম), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
- মো: আব্দুল মুমিন মোছারিল, উর্ধ্বতন বিশেষজ্ঞ (প্রাথমিক শিক্ষাক্রম), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
- চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
- সচিব মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
- সংরক্ষণ নথি

26/05/2025

(সিরাজুল ইসলাম)

উপসচিব (প্রশাসন), এনসিটিবি

ফোন: ২২৩৩-৮২৫৮৬



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.nctb.gov.bd



সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা ২০২৫

১. ভূমিকা

সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করা বাংলাদেশ সরকারের অন্যতম অঙ্গীকার। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান ও জাতীয় শিক্ষানীতি-২০১০ এ সকল নাগরিকের জন্য সর্বজনীন শিক্ষার আকাঙ্ক্ষা প্রতিফলিত হয়েছে। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাতেও 'সকলের জন্য অস্তর্ভুক্তিমূলক ও সমতাভিত্তিক গুণগত শিক্ষা নিশ্চিতকরণ এবং জীবনব্যাপী শিখনের সুযোগ সৃষ্টি'র অঙ্গীকার ব্যক্ত হয়েছে। এই লক্ষ্যমাত্রার অন্যতম বৈশিক সূচক হচ্ছে দ্বিতীয় ও তৃতীয় শ্রেণিতে শিক্ষার্থীর পঠনদক্ষতা নিশ্চিতকরণ। কেননা পঠনদক্ষতা নিশ্চিত হলে জীবনব্যাপী শিখনের ভিত্তি স্থাপিত হয় এবং স্বশিখন প্রক্রিয়া অব্যাহত রাখা যায়।

পঠনদক্ষতা অর্জনে শিক্ষার্থীদের সহায়তা করার জন্য জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) শিশুদের শিখন চাহিদা বিবেচনা করে পাঠ্যপুস্তক প্রণয়ন করে থাকে। তবে পঠনদক্ষতা অর্জন এবং পাঠাভ্যাস জোরদার করার জন্য কেবল পাঠ্যপুস্তকই যথেষ্ট নয়। এ কারণেই জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড জাতীয় শিক্ষাক্রমের মৌলিক দর্শন অনুসরণ করে শিশুদের শিখন চাহিদা অনুযায়ী পাঠ্যপুস্তক প্রণয়নের পাশাপাশি সম্পূরক পঠনসামগ্রী নির্বাচন ও প্রণয়ন করে থাকে। তবে সম্পূরক পঠনসামগ্রী কখনোই পাঠ্যপুস্তকের বিকল্প নয়।

প্রাক-প্রাথমিক পর্যায় এবং প্রাথমিক স্তরে প্রচলিত শিক্ষা-কার্যক্রমকে অধিকতর ফলপ্রসূ করার জন্য শিক্ষাক্রমের আলোকে পাঠ্যপুস্তকের সম্পূরক উপযুক্ত পঠনসামগ্রী প্রণয়ন ও নির্বাচন করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করে ২০২২ সালে 'সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা' প্রণয়ন করা হয়। এটি অনুসরণ করে শিশুদের বয়সোপযোগী, চিন্তাকর্ষক, উপযুক্ত ও প্রাসঙ্গিক পঠনসামগ্রী প্রতিটি বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাতে তুলে দেওয়া হয়। পরবর্তী সময়ে ২০২৫ সালে সময়ের নিরিখে ও চাহিদার পরিপ্রেক্ষিতে নীতিমালাটি পরিমার্জিত করা হয় যা 'সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা ২০২৫' নামে অভিহিত হয়। পরিমার্জিত এই নীতিমালার আওতায় সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন ও নির্বাচন করা হবে। অন্যান্য সংস্থা ও প্রতিষ্ঠান কর্তৃক প্রণীত সম্পূরক পঠনসামগ্রী প্রাক-প্রাথমিক পর্যায় এবং প্রাথমিক স্তরের শিশুদের জন্য নির্বাচন করা হবে এবং এই নীতিমালা অনুসরণে এনসিটিবি শ্রেণিভিত্তিক সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন করবে।

২. সংজ্ঞা

পাঠ্যপুস্তক ব্যতীত অন্য যে সকল পঠনসামগ্রী শিক্ষার্থীর শিখনপ্রক্রিয়া সহজ, আনন্দময়, কার্যকর, তরান্বিত ও বিস্তৃত করে এবং শিক্ষাক্রমে বর্ণিত জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ অর্জনে সহায়ক হিসেবে কাজ করে তাই সম্পূরক পঠন সামগ্রী।

৩. উদ্দেশ্য

সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা ২০২৫ এর উদ্দেশ্য হলো শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা অর্জনে সহায়তা এবং পাঠ্যপুস্তকের বিষয়বস্তুর ধারণাকে দৃঢ় করার জন্য যথাযথ সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন ও নির্বাচন।

৪. পরিধি

প্রাক-প্রাথমিক পর্যায় (৪+ ও ৫+ বয়সী শিশু) এবং প্রাথমিক স্তরের (১ম থেকে ৫ম শ্রেণি) শিক্ষার্থীদের জন্য নির্বাচিত পঠনসামগ্রী ব্যবহৃত হবে।

৫. বিবেচ্য দিক্ষসমূহ

৫.১ আঞ্চিক

- ৫.১.১. বইয়ের আকার: শিশুর বয়স ও শ্রেণি অনুযায়ী সুবিধাজনক;
- ৫.১.২. পৃষ্ঠা সংখ্যা: প্রাক-প্রাথমিক পর্যায়ের জন্য সর্বোচ্চ- ৩ ফর্মা, ১ম ও ২য় শ্রেণির জন্য সর্বোচ্চ- ৪ ফর্মা, ৩য় থেকে ৫ম শ্রেণির জন্য সর্বোচ্চ ৬ ফর্মা;
- ৫.১.৩. ফন্ট: শ্রেণি অনুযায়ী ফন্টের আকার ক্রমান্বয়ে বড় থেকে ছোট হবে;
- ৫.১.৪. কাগজ ও ছাপার মান: কাগজ - সর্বনিম্ন ১০০ জিএসএম, ছাপার মান- রঙিন, আকর্ষণীয় ও স্পষ্ট;
- ৫.১.৫. বাঁধাই: টেকসই ও মজবুত;
- ৫.১.৬. বইয়ের ধরন: কল্পকাহিনি, রূপকথা, উপকথা, লোককাহিনি, নীতিশিক্ষামূলক ও ননফিকশন।

৫.২. ভাষা

- ৫.২.১. সম্পূরক পঠনসামগ্রী প্রণয়নে বাংলা একাডেমির বানানরীতি অনুসরণ করতে হবে। তবে যুক্তর্থ স্পষ্টীকরণ রীতি অনুসৃত হবে;
- ৫.২.২. বর্ণ, শব্দ, বাক্যের ব্যবহার হবে পর্যায়ক্রমিক ও সহজে অনুধাবনযোগ্য;
- ৫.২.৩. শব্দের পুনরাবৃত্তি হবে;
- ৫.২.৪. ক্রমান্বয়ে নতুন নতুন শব্দ ও বাক্যের সাথে পরিচিত করাতে হবে;
- ৫.২.৫. শ্রেণি-উপযোগী শব্দ ও বাক্যের উলম্ব ও আনুভূমিক বিন্যাস করাতে হবে;
- ৫.২.৬. অদুর্বোধ্য এবং সরল অর্থবোধক শব্দ ব্যবহার করাতে হবে;
- ৫.২.৭. যুক্তাক্ষরের পরিসর ক্রমান্বয়ে বৃদ্ধি পাবে;
- ৫.২.৮. যুক্ত বর্ণ, র-ফলা, ঘ-ফলা ইত্যাদি সীমিত হবে;
- ৫.২.৯. বিষয়বস্তুর অনুক্রম হবে জানা থেকে অজানা, সহজ থেকে কঠিন, কাছে থেকে দূরে, মূর্ত থেকে বিমূর্ত, বিশেষ থেকে সার্বিক;
- ৫.২.১০. কোনো বিষয়ের ভাবার্থ একটির বেশি হবে না;
- ৫.২.১১. ভাষা হবে প্রমিত চলিত বাংলা।

৫.৩ ফন্ট, ছবি, চিত্র, শব্দ, বাক্য, অলংকরণ ইত্যাদি সংক্রান্ত নির্দেশনা ছক:

ক্রমিক	আইটেম	প্রাক-প্রাথমিক	প্রথম শ্রেণি	দ্বিতীয় শ্রেণি	তৃতীয় শ্রেণি	চতুর্থ শ্রেণি	পঞ্চম শ্রেণি
১.	ফন্ট সাইজ	বর্ণ: ৭২ পয়েন্ট শব্দ: ২৪-৩০ পয়েন্ট বাক্য: ২৪-৩০	বর্ণ: ৭২ পয়েন্ট শব্দ: ২৪-৩০ পয়েন্ট বাক্য: ২৪-৩০	১৬ পয়েন্ট পয়েন্ট শব্দ: ২৪-৩০ পয়েন্ট বাক্য: ২৪-৩০	১৪ পয়েন্ট পয়েন্ট	১৪ পয়েন্ট	১৪ পয়েন্ট
২.	ছবি, চিত্র, অলংকরণ এবং শব্দ, বাক্যের অনুপাত	৮০-১০০% ছবি, চিত্র ও অলংকরণ ০-২০% শব্দ, বাক্য	৮০-৯০% ছবি, চিত্র ও অলংকরণ ১০-২০% শব্দ, বাক্য	৭০-৮০% ছবি, চিত্র ও অলংকরণ ২০-৩০% শব্দ, বাক্য	৬০-৭০% ছবি, চিত্র ও অলংকরণ ৩০-৪০% শব্দ, বাক্য	৫০-৬০% ছবি, চিত্র ও অলংকরণ ৪০-৫০% শব্দ, বাক্য	৪০-৫০% ছবি, চিত্র ও অলংকরণ ৫০-৬০% শব্দ, বাক্য
৩.	ভাষা	প্রমিত চলিত বাংলা	প্রমিত চলিত বাংলা	প্রমিত চলিত বাংলা	প্রমিত চলিত বাংলা	প্রমিত চলিত বাংলা	প্রমিত চলিত বাংলা

ক্রমিক	আইটেম	প্রাক-প্রাথমিক	প্রথম শ্রেণি	দ্বিতীয় শ্রেণি	তৃতীয় শ্রেণি	চতুর্থ শ্রেণি	পঞ্চম শ্রেণি
৪.	শব্দ	২/৩ বর্ণ; ফলা ও যুক্তাক্ষর থাকবে না; চন্দ্রবিন্দু, খণ্ড- ত, অনুস্বার, বিসর্গ বর্জনীয়	২/৩ বর্ণ; ফলা ও যুক্তাক্ষর থাকবে না; চন্দ্রবিন্দু, খণ্ড- ত, অনুস্বার, বিসর্গ বর্জনীয়	৪/৫ পর্যন্ত বর্ণ; অপরিহার্য ক্ষেত্র ব্যতীত যুক্তাক্ষর থাকবে না; ছোট বাক্য	-	-	-
৫.	বাক্য	০-৫ শব্দের সরল বাক্য	১-৫ শব্দের সরল বাক্য	২-৫ শব্দের সরল বাক্য	৩-৮ শব্দের বাক্য	অপেক্ষাকৃত দীর্ঘ বাক্য	অপেক্ষাকৃত দীর্ঘ বাক্য

৬. সাধারণ নির্দেশনা

- ৬.১ দেশপ্রেম ও মহান মুক্তিযুদ্ধের চেতনা, বিভিন্ন আন্দোলন ও সংগ্রামের প্রতিফলন থাকবে;
- ৬.২ রাষ্ট্রীয় দর্শন, ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, মানবিক ও সামাজিক মূল্যবোধ, ধর্মীয় মতাদর্শ এবং বিভিন্ন জনগোষ্ঠীর প্রতি যথাযথ সম্মান প্রদর্শন করতে হবে;
- ৬.৩ সকল সম্পূরক পঠনসামগ্রী হতে হবে আর্কিষণীয়, আনন্দদায়ক ও সহজবোধ্য হবে;
- ৬.৪ সম্পূরক পঠনসামগ্রী প্রণয়নের শুরুতেই শিক্ষাক্রম, শিক্ষক সহায়িকা ও পাঠ্যপুস্তক বিশ্লেষণ ও পর্যালোচনার প্রতিফলন থাকতে হবে;
- ৬.৫ সম্পূরক পঠনসামগ্রীর বিষয়বস্তু, কাজ ও অলংকরণে শিক্ষাক্রমে বর্ণিত জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধের প্রতিফলন থাকবে এবং বাস্তবমূর্খী প্রয়োগের (Meta-Learning) উপর ভিত্তি করে প্রণয়ন করতে হবে;
- ৬.৬ শিশুদের বয়স, সামর্থ্য ও মানসিক পরিপন্থতা বিবেচনায় রেখে সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন করতে হবে;
- ৬.৭ বিষয়বস্তুর উপস্থাপন হতে হবে কল্পনার জগৎকে বিস্তৃতকরণ, যুক্তিবোধ এবং সূজনশীলতা বিকাশে সহায়ক;
- ৬.৮ প্রতিটি পঠনসামগ্রীতে সততা, নৈতিকতা, মানবিকতা, সম্মান ও শ্রদ্ধা প্রদর্শন, সহমর্মিতা, সহযোগিতা, সময়ানুবর্তিতা, কর্মনিষ্ঠা ইত্যাদির ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
- ৬.৯ সম্পূরক পঠনসামগ্রীর বিষয়বস্তু, কাজ ও অলংকরণে শিক্ষাক্রমে বর্ণিত জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধের প্রতিফলন থাকবে;
- ৬.১০ বিষয়বস্তুতে তথ্য ও ধারণাসমূহ প্রাসঙ্গিক, প্রামাণিক ও সাম্প্রতিক হতে হবে;
- ৬.১১ পঠনসামগ্রীতে ব্যবহৃত উদাহরণ ও ছবি/চিত্র প্রাসঙ্গিক এবং চারপাশের পরিবেশ থেকে হতে হবে;
- ৬.১২ বিষয় হবে ভবিষ্যৎ সম্পর্কে স্বামীক হওয়ার সহায়ক;
- ৬.১৩ জেন্ডার নির্বিশেষে ও বিশেষ চাহিদাসম্পর্ক শিশুদের বিষয়টি বিবেচনা করতে হবে;
- ৬.১৪ বর্ণ, শব্দ, বাক্যের ব্যবহার হবে পর্যায়ক্রমিক ও সহজে অনুধাবনযোগ্য;
- ৬.১৫ বিষয়বস্তুর অনুক্রম হবে জানা থেকে অজানা, সহজ থেকে কঠিন, কাছে থেকে দূরে, মৃত্যু থেকে বিমৃত্য;
- ৬.১৬ প্ল্যাজারিজম গ্রহণযোগ্য হবে না; এবং
- ৬.১৭ কপিরাইট নিশ্চিতকরণ।

৭. বিষয়ভিত্তিক সম্পূরক পঠন সামগ্রী

৭.১ ভাষা ও যোগাযোগ দক্ষতা (বাংলা ও ইংরেজি)

ক্রমিক	থিম/ বিষয়বস্তু	প্রাক- প্রাথমিক	প্রথম শ্রেণি	দ্বিতীয় শ্রেণি	তৃতীয় শ্রেণি	চতুর্থ শ্রেণি	পঞ্চম শ্রেণি
১.	দেশান্বোধ ও মুক্তিযুদ্ধের কথা	দেশান্বোধ ও মুক্তিযুদ্ধের কথা	দেশকে জানা; মুক্তিযুদ্ধভিত্তিক ছবি, ছড়া, কবিতা, গল্প	মুক্তিযুদ্ধের বীরত গাথা	মুক্তিযুদ্ধের বীরত গাথা; স্বাধীনতা সংগ্রামের গল্প	দেশের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি নিয়ে ছবিসহ গল্প; মুক্তিযোদ্ধাদের ভূমিকা সম্পর্কিত গল্প	দেশের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি নিয়ে ছবিসহ গল্প; বীরশ্রেষ্ঠদের ছবিসহ গল্প; মুক্তিযুদ্ধের ইতিহাস
২.	ছবি থেকে কিছু নতুন শব্দ শেখা	ছবিতে গল্প পড়া	ছবি থেকে শব্দ, বাক্য বলা	ছবির মাধ্যমে গল্প বলা	ছবির মাধ্যমে গল্প বলা/লেখা	ছবির মাধ্যমে গল্প বলা/লেখা	ছবির মাধ্যমে গল্প বলা/লেখা
৩	ভাষা আয়ত্করণ ও ধ্বনি সচেতনতা	ছবি, প্রচলিত ছড়া ও ছবি থেকে গল্প	ছবি, প্রচলিত ছড়া ও ছবি থেকে গল্প	প্রচলিত ছড়া ও ছবি থেকে গল্প	গল্প, কবিতা, কথোপকথন, ধীধা, ছড়া; শিশুতোষ বিদেশি গল্পের অনুবাদ	গল্প, কবিতা, কথোপকথন, ধীধা, শিশুতোষ বিদেশি গল্পের অনুবাদ	গল্প, কবিতা, কথোপকথন, ধীধা, শিশুতোষ বিদেশি গল্পের অনুবাদ
৪	যোগাযোগের মৌলিক দক্ষতা অর্জন সহায়ক বিষয়	ছবিতে গল্প পড়ার মাধ্যমে কথোপকথন, পরিচিত সম্পর্ক নিয়ে বিষয়ভিত্তিক গল্প	কথোপকথন, পরিচিত সম্পর্ক নিয়ে বিষয়ভিত্তিক গল্প	গল্পের আদলে ছবি ও বাক্যাংশ, নাটিকা, পরিচিত সম্পর্ক নিয়ে বিষয়ভিত্তিক গল্প	গল্প, কবিতা, কথোপকথন, বর্ণনা, ছোট ছোট চিঠি, গল্প, সহজ সাবলীল বর্ণনা, ছোট ছোট চিঠি, পরিচিত সম্পর্ক নিয়ে বিষয়ভিত্তিক গল্প	বিভিন্ন বিষয়ের সহজ সাবলীল বর্ণনা, ছোট ছোট চিঠি, গল্প, ব্যাকরণের মৌলিক বিষয়গুলো গল্পাকারে উপস্থাপন	কবিতা ও গল্পের মাধ্যমে ব্যাকরণের মৌলিক বিষয়গুলো গল্পাকারে উপস্থাপন

ক্রমিক	থিম/বিষয়বস্তু	প্রাক-প্রাথমিক	প্রথম শ্রেণি	দ্বিতীয় শ্রেণি	তৃতীয় শ্রেণি	চতুর্থ শ্রেণি	পঞ্চম শ্রেণি
৫	কল্ননা, যুক্তিবোধ ও সূজনশীলতার বিকাশ ঘটানোর বিষয়	বৃপকথা, উপকথা; ছবির গল্প	পরিচিত শব্দ সম্পর্কিত পাতা, কাগজ দিয়ে জিনিসপত্র তৈরি, রং এর নাম; বৃপকথা, উপকথা	শব্দ শুনে ছবি চিহ্নিত করে ছবি আঁকা, রং এর ব্যবহার, পাতা, কাগজ দিয়ে জিনিসপত্র তৈরি, রং-এর নাম ও রং করা, বৃপকথা, উপকথা	পাতা, কাগজ, মাটি দিয়ে জিনিসপত্র তৈরি, জ্যামিতিক রেখা অঙ্কন, রং-এর নাম ও রং করা, বৃপকথা, উপকথা	বিভিন্ন বাদ্যযন্ত্রের ছবি ও পরিচিতি, গান ও কবিতার সংকলন; পঞ্চেন্দ্রিয় নিয়ে গল্প তৈরি; বৈজ্ঞানিক কল্পকাহিনি; ভ্রমণকাহিনি	পঞ্চেন্দ্রিয় নিয়ে গল্প তৈরি; বৈজ্ঞানিক কল্পকাহিনি; ভ্রমণকাহিনি
৬	শিক্ষার্থীকে নির্মল আনন্দ প্রদান করে এমন বিষয়	ছবি সংবলিত লোককাহিনি, হাসিরগল্প, বৃপকথা, উপকথা, প্রচলিত ছড়া	লোককাহিনি, কিসমা, বৃপকথা, উপকথা, প্রচলিত ছড়া, কবিতা	লোককাহিনি, কিসমা, বৃপকথা, উপকথা, প্রচলিত ছড়া, কবিতা	মজার মজার খেলার কৌশল, গল্প, ছড়া, কবিতা, নাটক	মজার মজার খেলার কৌশল, গল্প, ছড়া, কবিতা, নাটক	মজার মজার খেলার কৌশল, গল্প, ছড়া, কবিতা, নাটক

৭.২ গণিত

ক্রমিক	থিম/বিষয়বস্তু	প্রাক-প্রাথমিক	প্রথম শ্রেণি	দ্বিতীয় শ্রেণি	তৃতীয় শ্রেণি	চতুর্থ শ্রেণি	পঞ্চম শ্রেণি
১.	সংখ্যার ধারণা	তুলনা, বস্তুরস্থিতি, গণনা, সংখ্যাপ্রতীক, শূন্যের সহজ ধারণা, সংখ্যা (১-২০)	তুলনা, গণনা (১-১০০) ও সংখ্যা (১-১০০), শূন্যের ধারণা, ক্রমের ধারণা	সংখ্যার জন্ম ও উৎপত্তি নিয়ে গল্প, গণনা (১-১০০) ও সংখ্যা (১-১০০০), সংখ্যা (১-১০০০), সংখ্যার তুলনা, স্থানীয়মান, সম্পর্কপ্রতীক, ক্রমবাচক সংখ্যা	সংখ্যারজন্ম ও উৎপত্তি নিয়ে গল্প, গণনা (১ কোটি) ও সংখ্যা (১ কোটি), সংখ্যার তুলনা, স্থানীয়মান, সম্পর্কপ্রতীক, ক্রমবাচক সংখ্যা	সংখ্যার জন্ম ও উৎপত্তি নিয়ে গল্প, গণনা (১ কোটি), সংখ্যার তুলনা, স্থানীয়মান, সম্পর্কপ্রতীক, ক্রমবাচক সংখ্যা	-
২.	গাণিতিক প্রক্রিয়ার ব্যবহার	যোগ ও বিয়োগের ধারণা	যোগ ও বিয়োগের ধারণা	যোগ, বিয়োগ ও গুণের ধারণা	যোগ, বিয়োগ, গুণ, এবং ভাগের ধারণা	যোগ, বিয়োগ, গুণ, এবং ভাগ সংক্রান্ত সমস্যা সমাধান	যোগ, বিয়োগ, গুণ, এবং ভাগ সংক্রান্ত সমস্যা সমাধান
৩.	ভগ্নাংশ ও শতকরা	-	-	-	ভগ্নাংশের ধারণা, যোগ ও বিয়োগ	প্রকৃত, অপ্রকৃত ও মিশ্র ভগ্নাংশ এবং দশমিক ভগ্নাংশের ধারণা	ভগ্নাংশের যোগ-বিয়োগ এবং শতকরার ধারণা

ক্রমিক	থিম/বিষয়বস্তু	প্রাক-প্রাথমিক	প্রথম শ্রেণি	দ্বিতীয় শ্রেণি	তৃতীয় শ্রেণি	চতুর্থ শ্রেণি	পঞ্চম শ্রেণি
৪.	মুদ্রা	-	বাংলাদেশের মুদ্রার পরিচিতি ও ব্যবহার	বাংলাদেশের মুদ্রার লেনদেন	বাংলাদেশের মুদ্রা সংক্রান্ত সমস্যা, সমাধান ও সঞ্চয়ের আগ্রহ সৃষ্টি	বাংলাদেশের মুদ্রা সংক্রান্ত সমস্যা, সমাধান ও সঞ্চয়ের আগ্রহ সৃষ্টি	-
৫.	জ্যামিতিক আকার ও আকৃতি	গোলাকার, চারকোণা, তিনকোণা	বিভিন্ন আকৃতির ধারণা	তিনকোণা, চারকোণা, গোলাকৃতি জ্যামিতিক আকৃতি	তল, রেখা, বিন্দু, কোণের ধারণা, অঙ্কন, চতুর্ভুজের ধারণা	কোণের পরিমাপ, লম্ব ও সমান্তরাল রেখার ধারণা, দৈনন্দিন জীবনে ব্যবহার	বিভিন্ন ধরনের চতুর্ভুজের ধারণা, বৃত্তের ধারণা
৬.	পরিমাপের ধারণা	অনুমান ও পরিমাপ	-	দৈর্ঘ্য, ওজন, আয়তনের একক; সময় পরিমাপ	এককের পারস্পরিক সম্পর্ক, দৈনন্দিন জীবনে এর প্রয়োগ, সময় পরিমাপ	এককের পারস্পরিক সম্পর্ক, দৈনন্দিন জীবনে এর প্রয়োগ, সময় সংক্রান্ত সমস্যার সমাধান	পরিমাপ সম্পর্কিত সমস্যার সমাধান, সময় সংক্রান্ত সমস্যার সমাধান, বাংলা ও গ্রামীণ সন
৭.	তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ, প্রয়োগ	রং, আকার-আকৃতি অনুযায়ী বস্তু সাজানো ও শ্রেণিকরণ, নকশা ও প্যাটার্ন তৈরি	-	তথ্যসংগ্রহ করে উপাত্তে রূপান্তর, ছকে বা সারণিতে প্রকাশ	লেখচিত্র, সিদ্ধান্ত গ্রহণ	লেখচিত্রে প্রকাশ, দৈনন্দিন জীবনে এর প্রয়োগ	অবিন্যস্ত উপাত্তকে বিন্যস্তকরণ, লেখচিত্রে প্রকাশ ও সিদ্ধান্ত গ্রহণ

৭.৩ বিজ্ঞান

ক্রমিক	থিম/বিষয়বস্তু	প্রাক-প্রাথমিক	প্রথম শ্রেণি	দ্বিতীয় শ্রেণি	তৃতীয় শ্রেণি	চতুর্থ শ্রেণি	পঞ্চম শ্রেণি
১.	জীব ও জড়ের নির্ভরশীলতা ও তাদের প্রতি সহানুভূতি	জীব ও জড় পরিচিতি, উক্তিদ ও প্রাণী পরিচিতি, জীবের জন্ম, বৃদ্ধি, মৃত্যু; নিকট পরিবেশের বিভিন্ন পাছপালা, প্রাণী ও উক্তিদ এবং এদের প্রতি যত্নশীল আচরণ	জীব ও জড় পরিচিতি, এদের প্রতি যত্ন ও সহানুভূতি	উক্তিদ ও প্রাণী পরিচিতি, এদের প্রতি যত্ন ও সহানুভূতি	উক্তিদের সাধারণ অংশ (মূল, কাণ্ড পাতা)-এর কাজ ও গুরুত; উক্তিদের শ্রেণিকরণ (কাণ্ড ও ফুলের উপস্থিতির ভিত্তিতে), প্রাণী পরিচিতি, প্রাণী শ্রেণিকরণ (মেরুদণ্ডের ভিত্তিতে), উক্তিদ ও প্রাণীর প্রতি যত্ন, সহানুভূতি	উক্তিদের বৃদ্ধির জন্য প্রয়োজনীয় মৌলিক উপাদান, ফুলের বিভিন্ন অংশ, জীবের বংশ বৃদ্ধি ও জীবনচক্র	আবাসস্থল (বন, জলাভূমি, তৃণভূমি, নদী, সমুদ্র; জীবের অভিযোজন কোশল, উক্তিদ ও প্রাণীর নির্ভরশীলতা, খাদ্যশৃঙ্খল, খাদ্যজাল, শক্তিপ্রবাহ
২.	মানবদেহ,	স্বাস্থ্যসম্মত	মানবদেহপ	দেহের বিভিন্ন	খাবারের	রোগের ধারণা,	সুষম খাবার,

ক্রমিক	থিম/ বিষয়বস্তু	প্রাক- প্রাথমিক	প্রথম শ্রেণি	দ্বিতীয় শ্রেণি	তৃতীয় শ্রেণি	চতুর্থ শ্রেণি	পঞ্চম শ্রেণি
	খাদ্য ও পুষ্টি	উপায়ে খাবার গ্রহণ	রিচিতি	অঞ্জের কাজ, প্রয়োজনীয়তা ও সুরক্ষা	তালিকা, ফল ও সবজির শ্রেণিকরণ (খতুভেদে), পুষ্টি উপাদান, মানবদেহের জন্য এর প্রয়োজনীয়তা	শ্রেণিকরণ, লক্ষণ, কারণ, শ্রেণিকরণ (খতুভেদে), পুষ্টি উপাদান, প্রতিকার, প্রতিরোধ	তালিকা, প্রয়োজনীয়তা; সময়মতো খাবার গ্রহণের গুরুত্ব, খাদ্য সংরক্ষণের উপায়
৩.	স্বাস্থ্যসুরক্ষা এবং সচেতনতা	নিজের, বাড়ির এবং বিদ্যালয়ের জিনিসপত্র এবং নিজেকে পরিপাটি রাখি, দৈনিক ব্যক্তিগত স্বাস্থ্যবিধি মানি এবং সুরক্ষিত থাকি।	ব্যক্তিগত পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যসুরক্ষা	ব্যক্তিগত পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যসুরক্ষা	নিরাপদ খাদ্য ও পানীয়; অনিরাপদ খাদ্য ও পানীয়ের প্রভাব	স্বাস্থ্যসুরক্ষার নিয়ম, দুর্ঘটনায় করণীয়, প্রাথমিক চিকিৎসা	বয়ঃসন্ধিকাল, বয়ঃসন্ধিকালে শরীরের যত্ন
৪.	প্রকৃতি ও প্রাকৃতিক ঘটনাসমূহ	চারপাশের পরিবেশের বিভিন্ন উপাদান শনাক্ত, প্রাকৃতিক পরিবেশের বিভিন্ন ঘটনা	আমাদের পরিবেশের উপাদান (মাটি, পানি, বায়ু, গাছপালাই ত্যাদি)	আলো, বিদ্যুৎ, তাপ ও শব্দশক্তির ব্যবহার, অপচয়রোধ/ ব্যবহারে সচেতনতা	পদার্থের বিভিন্ন অবস্থা; শক্তির অপচয়রোধ/ ব্যবহারে সচেতনতা	পদার্থের বৈশিষ্ট্য, পানির তিন অবস্থা, শক্তির অপচয় রোধ/ ব্যবহারে সচেতনতা	শক্তির বৃপ্তির, আলোর সঞ্চালন, শক্তির ব্যবহার, পুনঃব্যবহার ও সংরক্ষণ
৫.	ভূমিরূপ ও প্রাকৃতি কসম্পদ	নিরাপদ পানি ব্যবহার	ভূমিরূপের ভিন্নতা (সমতল, পাহাড়, পর্বত, নদী, হাওর, সাগর, সমুদ্র ইত্যাদি)	প্রাকৃতিক সম্পদের সুষ্ঠু ব্যবহার ও গুরুত্ব	পানির বিভিন্ন উৎস, পানির নিরাপদ ব্যবহার ও গুরুত্ব; বিভিন্ন ধরণের মাটি	প্রাকৃতিক সম্পদের সুষ্ঠু ব্যবহার ও গুরুত্ব; নবায়নযোগ্য ও অনবায়নযোগ্য প্রাকৃতিক সম্পদ, প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ	ভূমিরূপের বিভিন্ন ধরন, ভূপৃষ্ঠের পরিবর্তনের কারণ, মাটি, পানি ও বায়ু দুষণের কারণ, প্রভাব ও প্রতিরোধের উপায়
৬.	সৌরজগৎ, মহাবিশ্ব এবং সময়কাল,	দিনের বিভিন্ন	দিন, রাত, আবহাওয়া	ঝুতু পরিবর্তন,	জীবের জন্য সূর্যের গুরুত্ব,	পরিবেশ পরিবর্তনে	পৃথিবীর গতি, ঝুতু

ক্রমিক	থিম/ বিষয়বস্তু	প্রাক- প্রাথমিক	প্রথম শ্রেণি	দ্বিতীয় শ্রেণি	তৃতীয় শ্রেণি	চতুর্থ শ্রেণি	পঞ্চম শ্রেণি
	জলবায়ু পরিবর্তনের প্রভাব	দিনের বিভিন্ন সময়ে আবহাওয়ার পরিবর্তন, গ্রীষ্ম, বর্ষা ও শীতের বৈশিষ্ট্য, আবহাওয়া ও ঋতুর পরিবর্তন পর্যবেক্ষণ	পরিবর্তন	মানবজীনের প্রস্তুতি	সূর্যের অবস্থার পরিবর্তন	মানবসৃষ্ট প্রাকৃতিক দুর্যোগ, কারণ ও প্রভাব এবং করণীয়; সৌরজগৎ ও মহাবিশ্ব, অমাবস্যা, পূর্ণিমা এবং ছায়াপথ	পরিবর্তনের কারণ, প্রভাব, জলবায়ু পরিবর্তন, জলবায়ু পরিবর্তনে সৃষ্ট দুর্যোগ, জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং অভিযোজন কৌশল
৭.	প্রযুক্তি এবং এর নিরাপদ ব্যবহার	প্রযুক্তির নাম ও ব্যবহার, প্রযুক্তির নিরাপদ ব্যবহার, বিপজ্জনক বস্তু ও বিপদের উৎস	প্রযুক্তি ও প্রযুক্তির নিরাপদ ব্যবহার	প্রযুক্তি ও প্রযুক্তির নিরাপদ ব্যবহার	বিভিন্ন ক্ষেত্রে ব্যবহৃত প্রযুক্তি, তথ্য বিনিময় ও যোগাযোগে প্রযুক্তির ধরন এবং প্রযুক্তির নিরাপদ ব্যবহার	তথ্য সংগ্রহের উপায়, তথ্যের নিরাপদ ও অনিরাপদ ব্যবহার, এবং প্রযুক্তির নিরাপদ ব্যবহার	ক্রমবিকাশমান প্রযুক্তির উন্নয়ন, নিরাপদ ব্যবহার, কম্পিউটার পরিচিতি, ব্যক্তি, সমাজ ও রাষ্ট্রীয় জীবনে প্রযুক্তিনির্ভর সেবা গ্রহণ/প্রদান; ব্যক্তি, সমাজ ও রাষ্ট্রীয় জীবনে প্রযুক্তির গুরুত্ব ও নিরাপদ ব্যবহার, প্রযুক্তির ব্যবহারের ফলে সৃষ্ট স্বাস্থ্যকুঁকি, প্রযুক্তির অপব্যবহারের সামাজিক কুঁকি

৭.৪ বাংলাদেশ ও বিশ্বপরিচয়

ক্রমিক	থিম/ বিষয়বস্তু	প্রাক- প্রাথমিক	প্রথম শ্রেণি	দ্বিতীয় শ্রেণি	তৃতীয় শ্রেণি	চতুর্থ শ্রেণি	পঞ্চম শ্রেণি
১	মুক্তিযুদ্ধ	ছবিতে মুক্তিযুদ্ধের গল্ল / বীরতগাথা	ছবির মাধ্যমে জাতীয় পতাকা, জাতীয় মানচিত্র ও জাতীয় সংগীত / বীরতগাথা	বাঙালির ইতিহাস ও মুক্তিযুদ্ধ/ কিশোর মুক্তিযোদ্ধার গল্ল/ বিজয়ের গল্ল	বাঙালির ইতিহাস ও মুক্তিযুদ্ধ/ কিশোর মুক্তিযোদ্ধার গল্ল/ মুক্তিযুদ্ধে বিদেশি বন্ধুরা/বরেণ্য নেতাদের গল্ল	মুক্তিযুদ্ধ/ কিশোর মুক্তিযোদ্ধার গল্ল/ মুক্তিযুদ্ধে বিদেশি বন্ধুরা/বরেণ্য নেতাদের গল্ল	বীরতগাথা/য় মুক্তিযুদ্ধ/ বীরশ্রেষ্ঠ ও শহিদ মুক্তিযোদ্ধা
২	ইউনেস্কো ঘোষিত সাংস্কৃতিক ঐতিহ্য	ছবির মাধ্যমে সাংস্কৃতিক ঐতিহ্য পরিচয়	বাংলা নববর্ষ উদযাপন	রিকশাচিত্র/ নৌকাবাইচ/ শীতলপাটি	জামদানি	বাটুল সংগীত	সুন্দরবন
৩	ঐতিহাসিক ঘটনা	ছবির গল্লে বাংলাদেশের জন্ম	বাংলাদেশের জন্ম	ভাষা আন্দোলনের কথা	'৬৯-এর গণ- আন্দোলন	-	-
৪	জাতীয় দিবস	ছবিতে জাতীয় দিবস	স্বাধীনতা দিবস	বিজয় দিবস	আন্তর্জাতিক মাতৃভাষা দিবস	শহিদ বুদ্ধিজীবী দিবস	জাতীয় দিবসসমূহের পটভূমি
৫	স্বাধীনতার স্মৃতি বিজড়িত সৌধ/ স্থাপনা	ছবিতে স্বাধীনতার স্মৃতি	মুক্তিযুদ্ধ যাদুঘর	শহীদ মিনার	মেহেরপুর আন্তর্কানন	জাতীয় স্মৃতিসৌধ	রায়ের বাজার বখ্যভূমি
৬	জাতীয় পদক / পুরস্কার	-	২১শে পদক	শিশু একাডেমি পুরস্কার	স্বাধীনতা পদক	বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার	স্বাধীনতা পদক
৭	বাংলাদেশের ফুল, ফল, পাথি, প্রাণি	ছবির মাধ্যমে জাতীয় ফুল, ফল, পাথি, প্রাণি	শাপলাসহ নানরকম ফুলের কথা	দোয়েলসহ বিভিন্ন পাথি	বাংলাদেশের ফল	গৃহপালিত পশু	বনের পশু ও রয়েল বেঙ্গল টাইগারসহ বিভিন্ন পশু
৮	নদ, নদী, পুরুর, খাল, বিল, হাওর, সাগর	ছবিতে নদী সাগরের গল্ল	পুরুর, খাল, বিল	হাওর	নদ-নদী	সাগর	মহাসাগর
৯	শস্য, ফলজ, বনজ ইত্যাদি সম্পদ	-	শস্যের কথা	ফলজ বৃক্ষ	ওষধি উদ্ভিদ	কাঠ জাতীয় বৃক্ষ	বনজ উদ্ভিদ
১০	বিভিন্ন ধরনের মাছ	ছবিতে মাছের পরিচয়	দেশীয় মাছ	সামুদ্রিক মাছ	মাছ চাষ	জাতীয় মাছ ইলিশ	জাটকা ইলিশ নিখনে সচেতনতা

ক্রমিক	থিম/ বিষয়বস্তু	প্রাক- প্রাথমিক	প্রথম শ্রেণি	দ্বিতীয় শ্রেণি	তৃতীয় শ্রেণি	চতুর্থ শ্রেণি	পঞ্চম শ্রেণি
১১	মেলা উৎসব, যাত্রা, পালাগান	ছবিতে মেলা উৎসব, যাত্রা, পালাগান	বৈশাখী, চৈত্র ও পৌষ মেলা	মুকাবিনয় ও সার্কাস	যাত্রা, পালাগান, পুতুল নাচ, কবি গান	সৈদ, দুর্গাপূজা, বড়দিন, বৌদ্ধপূর্ণিমা	মঞ্চ নাটক, পথ নাটক
১২	সংগীত, সংগীতজ্ঞ ও বরেণ্য সংগীত শিল্পীর কথা	ছড়াগান	রবীন্দ্র ও নজরুল সংগীত রবীন্দ্রনাথ ঠাকুর, কাজী নজরুল ইসলাম	রণসংগীত/ গণ সংগীত/ দেশাতবোধক দিজেন্দ্রলাল রায়, অতুলপ্রসাদ	মরমী গান লালন শাহ, হাসন রাজা, রাধারমন, শাহ আব্দুল করিম	জারী, সারী, ভাওয়াইয়া, ভাটিয়ালি আরাসউদ্দীন, আবদুল আলীম	ধর্মীয় সঙ্গীত, উচ্চাঙ্গ সঙ্গীত ও স্নাদ আলাউদ্দিন খাঁ, আয়াত আলী খাঁ
১৩	স্মরণীয় ব্যক্তিত্বের জীবনী	ছবিতে স্মরণীয় ব্যক্তিত্বের ছবি সম্বলিত গল্ল	স্মরণীয় ব্যক্তিত্বের ছবি সম্বলিত গল্ল	স্মরণীয় ব্যক্তিত্বের জীবনী নিয়ে গল্ল	স্মরণীয় ব্যক্তিত্বের জীবনী নিয়ে গল্ল	স্মরণীয় ব্যক্তিত্বের জীবনী নিয়ে গল্ল	স্মরণীয় ব্যক্তিত্বের জীবনী নিয়ে গল্ল
১৪	বিভিন্ন ধরনের যানবাহন	ছবিতে যানবাহন চেনা	ছবি সম্বলিত যানবাহনের গল্ল	যানবাহনের গল্ল	যানবাহনের গল্ল	যানবাহনের গল্ল	যানবাহনের বিবরণের গল্ল
১৫	খেলাধুলা	ছবিতে খেলাধুলার পরিচয়	ছবি সম্বলিত খেলাধুলার গল্ল	দেশি-বিদেশি খেলাধুলার গল্ল	দেশি- বিদেশি খেলাধুলার গল্ল	দেশি-বিদেশি খেলাধুলার গল্ল	দেশি- বিদেশি খেলাধুলার গল্ল
১৬	সহমর্মিতা, সমমর্মিতা, সম্প্রীতি, দেশপ্রেম, মানবিকতা, বিশেষ চাহিদাসম্পন্ন শিশু, জেন্ডার ইকুইটি	ছবিতে সহমর্মিতা, সমমর্মিতা, সম্প্রীতি, দেশপ্রেম, মানবিকতা	সহমর্মিতা, সমমর্মিতা, বিশেষ চাহিদাসম্পন্ন শিশু বিষয়ক গল্ল	সহমর্মিতা, সমমর্মিতা, সম্প্রীতি, চাহিদা সম্পন্ন শিশু বিষয়ক গল্ল	সহমর্মিতা, সমমর্মিতা, সম্প্রীতি, দেশপ্রেম, মানবিকতা, বিশেষ চাহিদা সম্পন্ন শিশু বিষয়ক গল্ল	সহমর্মিতা, সমমর্মিতা, সম্প্রীতি, দেশপ্রেম, মানবিকতা, বিশেষ চাহিদা সম্পন্ন শিশু, পারিবারিক ও সামাজিক, ধর্মীয় মূল্যবোধ বিষয়ক গল্ল	সহমর্মিতা, সমমর্মিতা, সম্প্রীতি, দেশপ্রেম, মানবিকতা, বিশেষ চাহিদাসম্পন্ন শিশু, জেন্ডার ইকুইটি, পারিবারিক, সামাজিক ও ধর্মীয় মূল্যবোধ বিষয়ক গল্ল
১৭	ক্ষুদ্র নৃগোষ্ঠী	ছবিতে ক্ষুদ্র নৃগোষ্ঠীর পরিচয়	ছবির মাধ্যমে ক্ষুদ্র নৃগোষ্ঠীর পরিচয়	ক্ষুদ্র নৃগোষ্ঠীর ভাষা	ক্ষুদ্র নৃগোষ্ঠীর পোশাক, খাদ্য	ক্ষুদ্র নৃগোষ্ঠীর পারিবারিক রীতি ও বিবাহ	সংস্কৃতি ও উৎসব
১৮	শিশু অধিকার	-	শিশু অধিকার	শিশু অধিকার	শিশু অধিকার	শিশু পাচার, শিশু অধিকার সুরক্ষা আইন, খারাপ-ভাল স্পর্শ	শিশু উত্তোলকণ ও ইভ টিজিং, বুলিং, খারাপ- ভাল স্পর্শ

ক্রমিক	থিম/ বিষয়বস্তু	প্রাক- প্রাথমিক	প্রথম শ্রেণি	দ্বিতীয় শ্রেণি	তৃতীয় শ্রেণি	চতুর্থ শ্রেণি	পঞ্চম শ্রেণি
১৯	সৃজনশীলতা ও নান্দনিকতা	ছবিতে সৃজনশীলতা	চিত্রকলা ও কারুকলা পরিচয়	হাতে-কলমে চিত্রকলা/ কাগজের মণ্ড	কাগজের শিল্পকর্ম (অরিগামী)	নৃত্য, গান ও আবৃত্তি	হাতে-কলমে মৃৎশিল্প
২০	ব্যক্তিগত নিরাপত্তা ও স্বাস্থ্য সচেতনতা	ছবিতে ব্যক্তিগত নিরাপত্তার ধারণা সচেতনতা	ব্যক্তিগত নিরাপত্তার ধারণা	ব্যক্তিগত নিরাপত্তা, বিভিন্ন প্রকার সম্পর্কে ধারণা	ব্যক্তিগত নিরাপত্তা, বিভিন্ন প্রকার রোগ প্রতিরোধে সচেতনতা	ব্যক্তিগত নিরাপত্তা, প্রাথমিক ও অন্যান্য চিকিৎসা	ব্যক্তিগত নিরাপত্তা, প্রাথমিক ও অন্যান্য চিকিৎসা
২১	আত্ম-ব্যবস্থাপনা	ছবিতে আত্ম- ব্যবস্থাপনা	নিজের ব্যবহার দ্রব্যাদি গুচ্ছের রাখা	নিজের আশপাশ এবং শ্রেণিকক্ষ পরিচ্ছন্ন রাখা	মা-বাবাকে বাড়ির কাজে সাহায্য করা	বাড়ির গুরুজন এবং বন্ধুবান্ধবদের বিভিন্ন কাজে সহায়তা করা	নিজের কাপড় ধোয়া, বাথরুম পরিষ্কার রাখা
২২	বিভিন্ন দেশকে জানা	-	বিভিন্ন দেশের খেলাধুলা	বিভিন্ন দেশের পোশাক- পরিচ্ছন্দ ও খাবার-দাবার	বিভিন্ন দেশের উৎসব	বিভিন্ন দেশের প্রকৃতি ও পরিবেশ	বিভিন্ন দেশের বিদ্যালয়

৮. সম্পূরক পঠনসামগ্রী নির্বাচন প্রক্রিয়া

- ক) সম্পূরক পঠনসামগ্রী নির্বাচন কমিটি নীতিমালায় প্রদত্ত মূল্যায়ন ছকের ভিত্তিতে সম্পূরক পঠনসামগ্রী নির্বাচন করবে;
এবং
খ) সম্পূরক পঠনসামগ্রী সংগ্রহের সময় বিষয়ভিত্তিক সমন্বয় থাকবে।

৮.১ নির্বাচন কমিটি ও এর কার্যপরিধি

৮.১.১ সম্পূরক পঠনসামগ্রী নির্বাচন কমিটি নিম্নরূপে গঠিত হবে:

- চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
 - সদস্য (পাঠ্যপুস্তক), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
 - সদস্য (প্রাথমিক শিক্ষাক্রম), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
 - প্রধান সম্পাদক, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
 - উর্ধ্বতন বিশেষজ্ঞ (প্রাথমিক শিক্ষাক্রম), শিখন-সামগ্রী শাখা, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
 - বিশেষজ্ঞ (প্রাথমিক শিক্ষাক্রম), শিখন-সামগ্রী শাখা, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
 - গবেষণা কর্মকর্তা (প্রাথমিক শিক্ষাক্রম), শিখন-সামগ্রী শাখা, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
- সভাপতি
সদস্য
সদস্য
সদস্য
সদস্য
সদস্য
সদস্য
সদস্য সচিব

৮.১.২ কমিটির কার্যপরিধি

- ক) জমাকৃত সম্পূরক পঠনসামগ্রীসমূহ যাচাই-বাছাই কার্যক্রম পরিচালনা করা; এবং
খ) যাচাই-বাছাই শেষে সম্পূরক পঠনসামগ্রীসমূহ এনসিটিবি বোর্ড-এর অনুমোদনের জন্য সুপারিশসহ উপস্থাপন করা।

৮.২ সম্পূরক পঠনসামগ্রী মূল্যায়ন ছক

১. কোড নম্বর:
২. বিষয়:
৩. শ্রেণি:
৪. সম্পূরক পঠনসামগ্রী জমাদানের তারিখ:
৫. সম্পূরক পঠনসামগ্রী মূল্যায়নের তারিখ:

(প্রতিটি বিবেচ্য বিষয়ে ৪ মাত্রার রেটিং ক্ষেত্রে যথাপোযুক্ত ঘরে টিক দিতে হবে। প্রতিক্ষেত্রে পূর্ণ নম্বর ৩)

১. সম্পূর্ণরূপে অনুসরণ করা হয়েছে-৩
২. অধিকাংশ ক্ষেত্রে অনুসরণ করা হয়েছে-২
৩. আংশিক ক্ষেত্রে অনুসরণ করা হয়েছে-১
৪. মোটেই অনুসরণ করা হয়নি-০

ক্রমিক	বিবেচ্য বিষয়	০	১	২	৩
১.	শিক্ষাক্রমে বর্ণিত যোগ্যতা অর্জনে সহায়ক	:			
২.	ভাষা সহজবোধ্য	:			
৩.	বর্ণ, শব্দ, বাকেয়ের পর্যায়ক্রমিক ব্যবহার	:			
৪.	বিষয়বস্তুর অনুক্রম	:			
৫.	শিক্ষার্থীর বয়স ও শ্রেণি অনুযায়ী যথাযথ	:			
৬.	বিষয় ও ছবি/চিত্র প্রাসঙ্গিক	:			
৭.	ছবি, চিত্র ও অংলকরণের অনুপাত যথাযথ	:			
৮.	তথ্য ও ধারণাসমূহের উপস্থাপন প্রাসঙ্গিক, প্রামাণিক ও সাম্প্রতিক	:			
৯.	শ্রেণি-উপযোগী ফল্ট সাইজ ব্যবহার	:			
১০.	কাগজ, ছাপা এবং বাঁধাই যথাযথ	:			

সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা ২০২৫ প্রণয়ন কার্যক্রমে অংশগ্রহণকারী বিশেষজ্ঞগণ

ক) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

১. জনাব রেবেকো সুলতানা, উপসচিব

খ) জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

১. জনাব মাফরুহা নাজনীন, উর্ধ্বতন বিশেষজ্ঞ (প্রাথমিক শিক্ষাক্রম)
২. জনাব মোঃ আব্দুল মুমিন মোছারিন, উর্ধ্বতন বিশেষজ্ঞ (প্রাথমিক শিক্ষাক্রম)
৩. জনাব রেজাউল করিম বয়াতী, বিশেষজ্ঞ (প্রাথমিক শিক্ষাক্রম)
৪. জনাব আফসানা আইয়ুব, বিশেষজ্ঞ (প্রাথমিক শিক্ষাক্রম)
৫. জনাব আসাদুজ্জামান, বিশেষজ্ঞ (প্রাথমিক শিক্ষাক্রম)
৬. জনাব মোহাম্মদ হুমায়ুন কবীর, বিশেষজ্ঞ (প্রাথমিক শিক্ষাক্রম)
৭. জনাব আহসানুল আরেফিন চৌধুরী, বিশেষজ্ঞ (প্রাথমিক শিক্ষাক্রম)
৮. জনাব মোহা. মোমিনুল হক, গবেষণা কর্মকর্তা (প্রাথমিক শিক্ষাক্রম)
৯. জনাব রুমা বেগম, গবেষণা কর্মকর্তা (প্রাথমিক শিক্ষাক্রম)

গ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

১. মোঃ শরীফ উল ইসলাম, শিক্ষা অফিসার
২. মোঃ দুলাল মিয়া, শিক্ষা অফিসার

ঘ) জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি
(নেপ)

১. জনাব মোঃ জহরুল হক, উর্ধ্বতন বিশেষজ্ঞ
২. জনাব মাহবুবুর রহমান, সহকারী বিশেষজ্ঞ

ঙ) প্রাইমারী টিচার্স ট্রেনিং ইনসিটিউট
(পিটিআই)

১. জনাব মোহাম্মদ আবুবকর ছিদ্দিক, ইনস্ট্রাক্টর (সাধারণ), ঢাকা পিটিআই

চ) উপজেলা রিসোর্স সেন্টার (ইউআরসি)

১. জনাব জগজীবন বিশ্বাস, ইনস্ট্রাক্টর, ইউআরসি, খুলনা সদর, খুলনা

ছ) বাংলাদেশ শিশু একাডেমি

১. জনাব মোঃ তারিকুল ইসলাম, ইসিডি স্পেশালিষ্ট

জ) সরকারি প্রাথমিক বিদ্যালয়

১. জনাব আনজু আনোয়ারা পারভীন, প্রধান শিক্ষক, মুক্তিযুদ্ধ নয়াপাড়া প্রাথমিক বিদ্যালয়, গোপালপুর, টাঙ্গাইল
২. জনাব মোঢ়া. আঙ্গুরা খাতুন, সহকারী শিক্ষক, ব্রাই-চাপিলা সরকারি প্রাথমিক বিদ্যালয়, গুরুদাসপুর, নাটোর

ঝ) সরকারি অন্যান্য প্রতিষ্ঠান

১. প্রফেসর কুররাতুল আয়েন সফদার, উর্ধ্বতন বিশেষজ্ঞ (অব.), এনসিটিবি
২. প্রফেসর মোঃ মুনাবির হোসেন, অর্থনীতি বিভাগ, সরকারি তোলারাম কলেজ, নারায়ণগঞ্জ
৩. প্রফেসর মোঃ গোলাম মোস্তফা, অধ্যাপক (ইংরেজি), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

ঞ) বিশ্ববিদ্যালয়


১. জনাব নাহিদ পারভীন, সিনিয়র ম্যানেজার, ইসিডি, ব্র্যাক আইইডি, ব্র্যাক বিশ্ববিদ্যালয়

ট) আইএনজিও

১. জনাব রুবায়ি রায়হান, টেকনিক্যাল স্পেশালিষ্ট, সেভ দা চিলড্রেন বাংলাদেশ
২. জনাব মোঃ হাফিজুর রহমান, ম্যানেজার, বুম টু রীড বাংলাদেশ
৩. জনাব মোহাম্মদ কামরুজ্জামান কালাম, এডুকেশন এডভাইজার, সিসিমপুর বাংলাদেশ

২১/৫/২০২৫ তারিখে অনুষ্ঠিত ৩৯৪-তম সাধারণ বোর্ড সভার ০৪ নং সিদ্ধান্ত:

প্রস্তাব	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
৪. “সম্পূরক পঠন সামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা ২০২৫” এর অনুমোদন এবং এনসিটিবি’র ওয়েবসাইটে আপলোড করা। এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ (নথি নং-এম/২০১৯)	<p>ক) সম্পূরক পঠন সামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা পরিমার্জন সংক্রান্ত একটি কর্মশালা ০৮.০৩.২০২৫ থেকে ০৯.০৩.২০২৫ তারিখে এনসিটিবিতে অনুষ্ঠিত হয়। ইতিপূর্বে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড -এর প্রাথমিক শিক্ষাক্রম উইং কর্তৃক প্রস্তুতকৃত সম্পূরক পঠন সামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা ২৭.১২.২০২২ তারিখে ৭৩৫-তম জরুরি বোর্ড সভার ১ নং সিদ্ধান্ত অনুযায়ী অনুমোদিত হয়।</p> <p>খ) যুগের চাহিদা ও পরিবর্তিত পরিস্থিতির প্রেক্ষিতে অনুমোদিত সম্পূরক পঠন সামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা পরিমার্জন করা জরুরি হয়ে পড়ে। কর্মশালায় অংশগ্রহণকারী বিশেষজ্ঞগণের মতামতের ভিত্তিতে নীতিমালাটি পরিমার্জন করা হয় এবং এর নামকরণ করা হয় “সম্পূরক পঠন সামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা-২০২৫।</p> <p>গ) “সম্পূরক পঠন সামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা ২০২৫” এর অনুমোদন এবং এনসিটিবি’র ওয়েবসাইটে আপলোড করা।</p> <p>এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনাতে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড -এর প্রাথমিক শিক্ষাক্রম উইং কর্তৃক প্রস্তুতকৃত “সম্পূরক পঠন সামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা ২০২৫” এর অনুমোদন এবং এনসিটিবি’র ওয়েবসাইটে আপলোড করা যায় মর্মে সকল সদস্য সহমত পোষণ করেন।</p>	<p>জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড -এর প্রাথমিক শিক্ষাক্রম উইং কর্তৃক প্রস্তুতকৃত “সম্পূরক পঠন সামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা ২০২৫” ২১/৫/২০২৫ তারিখে ৩৯৪-তম সাধারণ বোর্ড সভার ০৪ নং সিদ্ধান্ত অনুযায়ী অনুমোদন করা হলো। অনুমোদিত “সম্পূরক পঠন সামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা ২০২৫” এনসিটিবি -এর ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো।</p>	<p>সদস্য (প্রাথমিক শিক্ষাক্রম)</p>

সত্যায়িত

 ২১.০৫.২০২৫
 সচিব
 জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
 বাংলাদেশ